কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে হাফিজুল সরদার (৩৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

শনিবার (২৬ এপ্রিল) দুপুরে উপজেলার ধুবইল ইউনিয়নের গেটপাড়া এলাকায় ১৮০/২ নম্বর রেলওয়ে পিলারের কাছে এ দুর্ঘটনা ঘটে।

নিহত হাফিজুল মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের আমিনুদ্দিন সরদারের ছেলে।

নিহতের পরিবার সূত্রে জানা যায়, সকালে পরিবারের সঙ্গে রাগারাগি করে বাড়ি থেকে বের হয়ে যান হাফিজুল। এরপর পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে ট্রেনে কাটা পড়ে এক ব্যক্তির মৃত্যুর সংবাদ পেয়ে স্বজনরা ঘটনাস্থলে গিয়ে তার মরদেহ শনাক্ত করেন।

স্বজনরা আরও জানান, হাফিজুল স্থানীয় পোড়াদহ বাজারে জুতা- স্যান্ডেলের ব্যবসা করতেন। এর আগে তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করতেন।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম জানান, দুপুরে খুলনা থেকে ঢাকাগামী আন্তঃনগর চিত্রা এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে ঘটনাস্থলেই এক যুবকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

মেহেরপুরে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী বুড়িপোঁতা গ্রামে পুকুরের পানিতে ডুবে মরিয়ম খাতুন ওরফে মিতু (৭) নামে এক শিশুর মৃত্যু

হয়েছে।

মরিয়ম খাতুন বুড়িপোঁতা গ্রামের উত্তরপাড়া এলাকার আব্দুল মালেক ওরফে সাহেব আলীর মেয়ে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) দুপুর আড়াইটার দিকে বাড়ির পাশের একটি পুকুর থেকে তার ভাসমান মরদেহ উদ্ধার করে পরিবারের সদস্যরা।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, দুপুরের দিকে শিশুটি বাড়ির বাইরে খেলতে বের হয়। দীর্ঘক্ষণ বাড়িতে না ফেরায় পরিবারের সদস্যরা তাকে খোঁজাখুঁজি শুরু করেন। পরে বাড়ির পাশের পুকুরে তার মরদেহ ভাসতে দেখে উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, মরদেহটি বর্তমানে পরিবারের হেফাজতে রয়েছে।

গাংনীতে ট্রাক চাপায় বৃদ্ধের মৃত্যু

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা শেষে বাড়ি ফেরা হলো না সামসুল হক (৬৫) নামের এক বৃদ্ধের। পথেই ঘাতক ট্রাক কেড়ে নিলো তার প্রাণ।

বুধবার (৯ এপ্রিল) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া-নবীনপুর সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সামসুল হক গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর গ্রামের বাসিন্দা। তার ছেলে শামীম হোসেন জানান, সকাল সাড়ে ১০টার দিকে তার বাবা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে চিকিৎসা নিয়ে একটি পাখিভ্যানে করে বাড়ি ফিরছিলেন। পথে নওপাড়া বাজার পার হয়ে নবীনপুরের কাছে পৌঁছালে একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে তিনি গুরুতর আহত হন।

স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে তার অবস্থার অবনতি ঘটে। পরে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। কিন্তু হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

এ ঘটনায় স্থানীয়রা ট্রাকটি আটক করলেও চালক পালিয়ে যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বনি ইসরাইল জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। ট্রাকটি জব্দ করে থানায় আনা হয়েছে।

কুষ্টিয়ায় অটোরিকশার ধাক্কায় শিশুর মৃত্যু

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানা এলাকায় অটোরিকশার ধাক্কায় ৯ বছরের শিশু নিহত হয়েছে।

শনিবার (৫ এপ্রিল) দুপুরে ইবি থানার ঝাউদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিশু আমির হামজা (৯) ঝাউদিয়া গ্রামের সবুজ আলীর ছেলে।

নিহতের স্বজন ও পুলিশ সূত্রে জানা যায়, আজ দুপুরে আমির হামজা দৌঁড়ে রাস্তা পারাপার হওয়ার সময় একটি অটোরিকশা ধাক্কা দেয়। পরে স্বজনরা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায়।

ঝাউদিয়া ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) লিটন আলী বলেন, অটোরিকশার ধাক্কায় একটি ৯ বছরের একটি শিশুর মৃত্যু হয়েছে। কোনো অভিযোগ না থাকাই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বাস চাপায় বাইসাইকেল আরোহীর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বাস চাপায় খোকন তরফদার (৫৫) নামে এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছে।

বুধবার (২৬ মার্চ) সকাল ৮টার দিকে উপজেলার তালেশ্বর বাজার এলাকায় এ ঘটনা ঘটে। নিহত খোকন তরফদার উপজেলার শাহাপুর ঘিঘাটি গ্রামের বাহার আলী তারফদারের ছেলে।

স্থানীয়রা জানায়, খোকন তরফদার বাইসাইকেল যোগে বাড়ি থেকে তালেশ্বর বাজারের দিকে আসছিলেন। পথিমধ্যে কোটচাঁদপুর থেকে ছেড়ে আসা মামুন পরিবহনের একটি বাস তাকে চাপা দিলে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

এ ব্যাপারে কালীগঞ্জ থানার ওসি শহিদুল ইসলাম হাওলাদার বলেন, কোনো অভিযোগ না থাকায় নিহতের মরদেহ ময়না তদন্ত ছাড়ায় স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বিয়ের বাজার করে বাড়ি ফেরা হলো না প্রবাস ফেরৎ যুবকের

বিয়ের বাজার করে বাড়ি ফেরার পথে শ্যালো ইঞ্জিন চালিত আলগামনের সাথে মোটরসাইকেলের ধাক্কায় সাগর মিয়া (২৪) নামের এক সৌদি প্রবাস ফেরত এক যুবক হয়েছেন।

আজ শনিবার দিবাগত রাত ৮ টার দিকে মেহেরপুরের গাংনী-কাথুলি সড়কের চৌগাছা এতিম খানার সামনে এই সড়ক দূর্ঘটনাটি ঘটে। নিহত সাগর মিয়া গাংনী উপজেলার (কুঠি) ভাটপাড়া গ্রামের তোজাম্মেল হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, নিহত সাগর মিয়া গাংনী বাজার থেকে মোটরসাইকেল যোগে ভাটপাড়াতে ফিরছিলেন। চৌগাছা এতিমখানার অদুরে নাবিল

ফার্নিচারের কাছে একটি পাখিভ্যানকে ওভারটেক করতে গিয়ে বিপরীত দিক থেকে আসা আলগামনের মুখোমুখি ধাক্কা লাগে। এতে সাগর মিয়া রাস্তার উপর ছিটকে পড়ে মারাত্বক আহত হন। তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, সাগর মিয়া বিয়ে করার উদ্যেশ্যে গত ৪ দিন আগে ২ মাসের ছুটি নিয়ে বাড়িতে ফিরেছেন। ঈদের পরের দিন গাংনী উপজেলার রাজনগর গ্রামে তার বিয়ে ঠিক হয়েছে। আজ বিকালে তিনি গাংনী বাজারে নিজের বিয়ের কিছু বাজার করে বাড়ি ফিরছিলেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, নিহতের মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।

ঝিনাইদহে সাবেক চেয়ারম্যান আবু বকরের মৃত্যুতে, বিভিন্ন মহলের শোক

ঝিনাইদহ সদর উপজেলার ৭নং মহারাজপুর ইউনিয়ন পরিষদের পরপর দুই বারের নির্বাচিত সাবেক চেয়ারম্যান আবু বকর মল্লিক (৬২) নিজ বাসভবন কুতুবপুর গ্রামে মঙ্গলবার ভোর রাতে ষ্টোক জনিত কারণে মৃত্যু বরণ করেণ (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

মৃত্যু কালে তিনি স্ত্রী, পুত্রসহ অসংখ্যগুনোগ্রাহী রেখে গেছেন।

মঙ্গলবার বিকাল তিন ঘটিকার সময় সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের কুতুবপুর গ্রামে নিজ বাসভবন প্রাঙ্গণে তার নামাজের জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হবে বলে পারিবারিক সূত্রে জানাগেছে। এদিকে তার মৃত্যুতে মহারাজপুর ইউনিয়ন সহ জেলার বিভিন্ন শ্রেণী পেশার মানুষ গভীর ভাবে শোকাহত।

মহারাজপুর ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া সহ

বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোকপ্রকাশ করেন।

উল্লেখ, তিনি প্রথমে মহারাজপুর ইউনিয়নের সদস্য নির্বাচিত হন, পরে ১৯৯২ সালে প্রথমবারেরমত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাতি হন, এবং পরে আরও একবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।

ঝিনাইদহে দেবরের লাঠির আঘাতে ভাবির মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় দেবরের লাঠির আঘাতে রেশমা খাতুন (৩৭) নামের এক গৃহবধূ নিহত হয়েছে।

বৃহস্পতিবার(১৩ মার্চ) সকালে কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত রেশমা খাতুন উপজেলার রতনপুর গ্রামের হামিদুল জোয়ার্দারের স্ত্রী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত রবিবার রান্নাঘরে ইফতার সামগ্রী তৈরি করছিলেন রেশমা খাতুন। তখন তার দেবর নাহিদ জোর্য়াদ্দার পেছন থেকে এসে কাঠের লাঠি রেশমার মাথায় আঘাত করে। পরে প্রতিবেশীরা তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে প্রেরণ করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার সকালে তিনি মারা যায়।

শৈলকুপা থানার ওসি মাসুম খান বলেন, ‘ঘাতক নাহিদকে আটকের জন্য পুলিশ অভিযান চালাচ্ছে।’

মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা, ব্যবসায়ীর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে শফি মিয়া (৫০) নামে এক ব্যবসায়ীর মৃত্যু হয়েছে।

সোমবার (১৭ ফেব্রুয়ারি) দুপুর ১টার দিকে উপজেলার দুলালমুন্দিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত শফি মিয়া ঝিনাইদহের শৈলকুপা উপজেলার হররা গ্রামের মৃত গোলাম ছারোয়ারের ছেলে।

বারোবাজার হাইওয়ে থানার ওসি মাহবুব হোসেন জানান, ব্যবসায়ী শফি মিয়া মোটরসাইকেলে যশোরের উদ্দেশে রওনা দেন। পথিমধ্যে দুলালমুন্দিয়া এলাকায় পৌঁছালে তিনি নিয়ন্ত্রণ হারিয়ে একটি গাছের সঙ্গে ধাক্কা খান। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

গাংনীতে শিশু বিবাহ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক মতবিনিময় সভা

গাংনী উপজেলার রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ, মানব পাচার, মাদক প্রতিরোধ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এ সভার আয়োজন করা হয়।

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই কর্মসূচির আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান। এতে বক্তব্য রাখেন

সহকারী শিক্ষক সাহেবুল ইসলাম, আবু সাঈদ ও মাতিউন নেছা। শুভেচ্ছা বক্তব্য দেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার।

আলোচকরা শিশু বিবাহের কুফল, মানব পাচারের ভয়াবহতা ও মাদক প্রতিরোধের গুরুত্ব তুলে ধরেন। পাশাপাশি, ৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম ও মৃত্যুর নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করা হয়।

সভায় বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রী ও শিক্ষকরা অংশগ্রহণ করেন।